কবে শেষ হবে শান্তদের ‘শিক্ষা সফর’

প্রতিটি সিরিজে কিংবা টুর্নামেন্টে ব্যর্থতার পরে বাংলাদেশ দলের পক্ষ থেকে শিক্ষা গ্রহণের বিষয়টি তুলে আনা হয়। ভক্তরা সেটিকে শিক্ষা সফর অভিধা দিয়েছেন। কিন্তু এই শিক্ষা গ্রহণের পর তার বাস্তবায়ন আর দেখা যায় না। ব্যাটিং ব্যর্থতার পরে সফলতার শিক্ষাটাই টাইগার বাহিনী নিয়ে আসছে বারবার। তবু সফল হতে পারছেন না নাজমুল হোসেন শান্তরা।

প্রতিটি ম্যাচেই বাংলাদেশের ব্যাটিং ব্যর্থতার চিত্র এখন স্বাভাবিক প্রেক্ষাপটে পরিণত হয়েছে। সেই সঙ্গে রয়েছে বাজে ফিল্ডিংয়ের অভিজ্ঞতা। তবে সবকিছু থেকে শিক্ষা গ্রহণকেও আসল ও প্রকৃত কাজ মনে করা হয় দলের পক্ষ থেকে। আজ বাংলাদেশ-ভারত সিরিজের তৃতীয় ও শেষ টি-টোয়েন্টি ম্যাচ। সন্ধ্যা সাড়ে ৭টায় হায়দরবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে বাংলাদেশ কী জেতার উদ্দেশ্যে নামবে, নাকি শিক্ষা গ্রহণের জন্য, সেটি অনেকটাই পরিষ্কার ফিল্ডিং কোচ নিক পোথাসের কথায়।

গতকাল নিক পোথাস বলেছেন, ‘বিশ্বের সেরা দলের বিপক্ষে খেলতে গেলে অবশ্যই শিক্ষা গ্রহণ করতে হবে। প্রতিদিনই শিক্ষা নিতে হবে। যখনই শিক্ষা নেওয়া বন্ধ করে দেবেন, তখনই সমস্যায় পড়তে হবে। সুতরাং এটা কোনো ইস্যু হতে পারে না।’ বাংলাদেশকে নিয়ে তিনি বলেছেন, ‘আপনারা খুব সহজেই নির্ধারণ করে ফেলেন, ভালো ব্যাটিংয়ের পরে জয়-পরাজয়ের হিসাব। কিন্তু আমরা বিষয়টিকে এত সহজে দেখি না। আমরা সেই ভারতের বিপক্ষে খেলছি যারা বিশ্বের সেরা দল। আমরা প্রকৃতপক্ষে কী পাচ্ছি দলটির বিপক্ষে খেলে, সেটি যদি ভাবি তাহলে বলতে হবে, অনেক দেশ ভারতে এসে খেলে এটা তাদের বাজে পছন্দ। এখানে শিক্ষণীয় ব্যাপরটি দিয়ে পরিমাপ করতে হবে। আমরা ভবিষ্যৎ নিয়ে ভাবছি, কীভাবে আমরা এগিয়ে আসতে পারি।’

পোথাস বলেছেন, ‘চ্যাম্পিয়নস ট্রফি রয়েছে, অন্যান্য টি-টোয়েন্টি ম্যাচ রয়েছে সেগুলো নিয়ে চিন্তা করছি। বাংলাদেশের কয়েক জন অভিজ্ঞ খেলোয়াড় রয়েছে, তাদের শেষ সময়কে কীভাবে কাজে লাগাতে পারি সেটি নিয়ে ভাবছি। আমরা সবসময় জয়ের লক্ষ্য নিয়েই আন্তর্জাতিক ক্রিকেটে খেলতে নামি। কিন্তু বাস্তবতা বুঝতে হবে। আমরা খুবই

ভাগ্যবান যে, আমরা ভারতে সফর করতে পেরেছি। এখান থেকে অনেক কিছুই শিখতে পেরেছি। আর সেই শিক্ষাটা প্রকৃত শিক্ষা, এখান থেকে অনুশীলনে আমরা অনেক কিছু কাজে লাগাতে পারব।’

বাংলাদেশ দল নিয়ে ফিল্ডিং কোচ বলেছেন, ‘খেলোয়াড়দের ব্যক্তিগত দক্ষতায় নজর দিতে হবে। একটি ব্যাপার মানতেই হবে, ফিল্ডিংয়ের দিক থেকে আমরা দারুণ ছিলাম। কারণটা হচ্ছে, ফিল্ডিংয়ে প্রতিপক্ষের কোনো প্রভাব নেই, পুরোটাই আমাদের নিয়ন্ত্রণে। ফলে এখানে খেলোয়াড়দের অনেক কৃতিত্ব দিতে হবে ফিল্ডিংয়ের ব্যাপারে। এর এসেছি, যেটাও আগে কখনো ঘটেনি। গতদিন কী ঘটেছে এবং আজকে কী ঘটেছে, তা দেখার ব্যাপারে অনেকেই পারদর্শী। কিন্তু গত ১২ মাসে কী ঘটেছে তা মনে করতে পারছি না। গত ১২ মাসে অনেক উন্নতি হয়েছে। এখানে কোনো ম্যাজিক বুলেট নেই। আমরা যা দেখতে পারছি তা হচ্ছে এখানে গত ১২ মাসে অনেক উন্নতি হয়েছে। ফলে সেটা মেনে নিয়ে কৃতিত্ব দেওয়া উচিত।’

বাউন্ডারি তুলে নেওয়ার সক্ষমতা নিয়ে তিনি বলেছেন, ‘একটি কঠিন বাস্তবতা নিয়ে বলি, একজন খেলোয়াড় যদি ৯৫-১০০ কেজি ওজনের হয় আর আরেকজন যদি হয় ৬৫ কেজি হয়, তাহলে একজন তো বেশি দূরে বল পাঠাবেই। অবশ্যই এখানে কৌশল রয়েছে টাইমিং রয়েছে। আমরা প্রতিনিয়ত এটি নিয়ে কাজও করে যাচ্ছি। আইপিএলের দিকেও তাকাতে হবে। আইপিএল পৃথিবীর সেরা টুর্নামেন্ট। খেলোয়াড়দের দক্ষতা মিলিয়ে দেখলে দারুণ টুর্নামেন্ট। আইপিএল খেলোয়াড়দের তৈরি করে দেয় আন্তর্জাতিক মঞ্চের জন্য। ফলে এখানে আপনি পুরো ভিন্ন দুটি জিনিসের তুলনা করছেন যে ভারতের কয়টি ছক্কা এবং আমাদের কয়টি ছক্কা। এটা অনেকটা এমন হয়ে গেল, ওয়েস্ট ইন্ডিজ কয়টি ছক্কা মেরেছে আর আমরা কয়টি মেরেছি। তারা অনেক শক্তিশালী ক্রিকেটার। আমরা অন্য বিষয় নিয়ে উন্নতি করছি। কিন্তু জেনেটিকস নিয়ে তো আর লড়াই করতে পারব না।’

বাইরে ব্যাটিং-বোলিংয়ে যদি তাকান, একটি কাজ ভারত সব সময় করবেই, তা হচ্ছে তারা অনেক চাপে ফেলবে। কারণটা হচ্ছে তাদের দক্ষতা। শিক্ষাটা হচ্ছে, কীভাবে লম্বা সময় ধরে চাপটা সামাল দেওয়া যায়। কীভাবে প্রস্তুতি নেওয়া হচ্ছে সেটা বেশি গুরুত্বপূর্ণ। এখানে পরিবর্তন আসতে থাকবে। ভারতে খেলতে পারাটা সম্মানের ব্যাপার। যখন বিশ্বের সেরা দলের বিপক্ষে খেলা হয়, তখন বুঝতে সাহায্য করে কোথায় উন্নতি প্রয়োজন।’ সফলতার প্রসঙ্গ নিক পোথাস বলেছেন, ‘আমার মনে হয় আমরা দ্রুত ভুলে যাচ্ছি। পাকিস্তান থেকে মাত্রই সিরিজ জিতে আসলাম, যেটা আগে আমরা কখনো করে দেখাতে পারিনি। টি-

টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ সেরা আটে খেলেছে, যেটা আগে কখনো ঘটেনি। নিউজিল্যান্ড সফর থেকে আমরা এসেছি সেখানে ১টি করে ম্যাচ জিতে।

ব্যাটিং ব্যর্থতা বিষয়ে নিক পোথাস মনে করেন, ‘আমরা দারুণ প্রতিপক্ষের বিপক্ষে তাদেরই মাঠে খেলছি। দুই দলের পার্থক্য দেখলে বোঝা যাবে। টপ অর্ডারে ইমন ২ ম্যাচ খেলেছে। হ্যাঁ, দলে অভিজ্ঞরাও রয়েছে। ব্যাটিংয়ের কথা ধরলে আমরা প্রত্যাশা অনুযায়ী ব্যাটিং করতে পারিনি। অবশ্যই ১৭০-১৮০ রান করতে পারতাম। তারা ২২০-২৩০ করুক বা যাই করুক, সেটা বোলিংয়ের ব্যাপার। সেটা আমি মেনে নিচ্ছি। আমাদের আরও বেশি রান করা দরকার ছিল। দারুণ উইকেট ছিল। ভারতও অনেক ভালো বল করেছে। আমরাও ম্যাচের অনেক সময়ে অনেক সুযোগ নিতে পারিনি।’

অবসরের ঘোষণা দিলেন রাফায়েল নাদাল

টেনিস থেকে অবসরের ঘোষণা দিয়েছেন স্প্যানিশ তারকা রাফায়েল নাদাল। নভেম্বরে ডেভিস কাপ। এই টুর্নামেন্টটি খেলেই টেনিসকে বিদায় জানাবেন ২২টি গ্র্যান্ড স্লাম শিরোপাজয়ী এই তারকা।

বৃহস্পতিবার (১০ অক্টোবর) সামাজিক যোগাযোগমাধ্যমে এক ভিডিও বার্তায় অবসরের ঘোষণা দিয়ে নাদাল বলেন, ‘আমি আপনাদের জানাতে চাই যে, পেশাদার টেনিস থেকে আমি অবসর নিচ্ছি। বাস্তবতা হলো, কয়েকটি বছর বেশ কঠিন ছিল আমার জন্য, বিশেষ করে শেষ দুই বছর। আমার মনে হয় না, সে সময় আমি বাধাহীনভাবে খেলতে পেরেছি।’

তিনি আরও বলেন, ‘কঠিন এই সিদ্ধান্ত নিতে বেশ সময় লেগেছে আমার, তবে জীবনে সবকিছুরই শুরু ও শেষ রয়েছে। আমি বিশ্বাস করি, এতো দীর্ঘ ও কল্পনার চেয়েও বেশি সফল ক্যারিয়ারের শেষ টানার এটাই সঠিক সময়।’

পুরুষ এককে দ্বিতীয় সর্বোচ্চ শিরোপা নাদালের। তার চেয়ে বেশি

শিরোপা জিতেছেন কেবল প্রতিদ্বন্দ্বী নোভাক জকোভিচ। এককে ফ্রান্স ওপেনে ১৪বার শিরোপা জিতেছেন তিনি। রোঁলা গারোয় ১১৬ ম্যাচ খেলে ১১২টি জিতেছেন তিনি। এছাড়া চারটি ইউএস ওপেন এবং দুটি করে অস্ট্রেলিয়া ওপেন ও উইম্বলডন জিতেছেন এই তারকা।

সূত্র: ইত্তেফাক

নতুন উদ্যমে কৃষ্ণা

নেপালে নারী সাফের জন্য অনেক দলই তাদের খেলোয়াড় তালিকা পাঠিয়ে দিয়েছে। চূড়ান্ত করা হয়েছে ২৩ জনের নাম। বাংলাদেশের তালিকা এখনো চূড়ান্ত করা হয়নি। প্রাথমিক তালিকা প্রেরণ করা হয়েছে। পাঠানো তালিকায় ইনজুরিতে থাকা ফুটবলার কৃষ্ণা রানী সরকার রয়েছেন। পায়ের ইনজুরি কাটিয়ে সাফে খেলার প্রস্তুতি নিয়েছেন।

কৃষ্ণা রানী অভিজ্ঞ ফুটবলার। সাফের বর্তমান চ্যাম্পিয়ন বাংলাদেশ দলের ট্রফি জয়ের পেছনে কৃষ্ণার অবদান অনেক। পুরো সাফে ৪টা গোল করেছেন। বিশেষ করে ফাইনালে নেপালের বিপক্ষে ৩-১ গোলে জয়ের পেছনে জোড়া গোল রয়েছে কৃষ্ণার। ট্রফি জয়ের পেছনে এ দুটি গোল ছিল গুরুত্বপূর্ণ সময়ে। ফাইনালে নিজের তৃতীয় গোলটা নেপালকে শেষ করে দিয়েছিল ফাইনালে। কৃষ্ণার মতো ফুটবলার এবারও সাফে থাকছেন। তবে তার আফসোস হচ্ছে ইনজুরি কাটিয়ে উঠে আসতে হচ্ছে।

এখন কেমন আছেন কৃষ্ণা? গতকাল নিজের ইনজুরি নিয়ে কৃষ্ণ বলেন, ‘পায়ের ব্যথা নেই। অনেক ভালো আছি।’ কৃষ্ণার পায়ের পাতায় সমস্যা হচ্ছিল। সমস্যাটা ধরতে না পারায় সঠিক চিকিৎসাও পানননি কৃষ্ণা। ভারতের গিয়ে চিকিৎসা করিয়ে এসেছেন। রিহ্যাব করেছেন। এর আগে নেপালের বিপক্ষে ম্যাচ খেলেছিলেন। এশিয়ান গেমসে খেলতে চীনে গেলেও তার মাঠে নামা হয়নি। পরবর্তী সময়ে পায়ের পাতার সমস্যা বাড়তে থাকায় ভারতের চিকিৎসকের পরামর্শ নিতে হয়।

কৃষ্ণা জানালেন, তিনি প্রায় এক মাস ধরে অনুশীলন করছেন। আগের মতো সমস্যা নেই। সমস্যা না থাকায় আত্মবিশ্বাস পাচ্ছেন কৃষ্ণা। মাঠে নামার সাহস বাড়ছে তার। ২০২২ সালে নেপালে সাফ চ্যাম্পিয়নশিপে

খেলার সময় কৃষ্ণার শক্তি সামর্থ্য যতটা ছিল এবার ততটা না থাকলেও কৃষ্ণা নিজেও কোথাও কম দেখছেন না। ‘দেখুন ফিটনেস গত সাফের মতো নাই। তবে লড়াই করার মতো মানসিক, শারীরিক সব প্রস্তুতি রয়েছে। আপনি যদি তুলনা করেন, তাহলে বলব এখন যারা দলের সঙ্গে অনুশীলন করছেন তাদের সঙ্গে তাল মিলিয়ে নেওয়ার মতোই রয়েছেন বললেন কৃষ্ণা।

তিনি বলেন, ‘আমার ফিটনেস আমি দেখেছি। দলের সঙ্গে অনুশীলন করেছি। কোথাও মনে হয়নি আমি পিছিয়ে রয়েছি। ম্যাচ খেললে কনফিডেন্স লেভেল আরো বেড়ে যাবে।’ সাফে যাওয়ার আগে নারী দলকে কোনো প্রস্তুতি ম্যাচ খেলাতে পারেনি বাফুফে। বড় টুর্নামেন্ট খেলবে। অথচ নিজেদের পরখ করার সুযোগ পাচ্ছেন না সাবিনা খাতুন, সানজিদা, তহুরা খাতুনরা। ম্যাচ খেলার ব্যবস্থা করা গেলে কৃষ্ণার অবস্থানটা আরও ভালো হতো। কারণ কৃষ্ণা এখন দলের সিনিয়র ফুটবলারদের এক জন।

গোলরক্ষক ইয়ারজান, গোলরক্ষক মিলি আক্তার, শাহেদা আক্তার রিপা, কোয়াতি কিসকু, মনুকি ইনজুরি কাটিয়ে এসেছেন, জাপান প্রবাসী সুমাইয়া রয়েছেন পাঠানো তালিকায়। গত সাফে ছিলেন ডিফেন্ডার আঁখি খাতুন নেই, সিরাত জাহান স্বপ্না নেই। তারা নানা অজুহাত দেখিয়ে ক্যাম্প ছেড়ে চলে গিয়েছেন। সংসার জীবনে জড়িয়েছেন। গত সাফে কোচ ছিলেন গোলাম রাব্বানী ছোটন, এখন তিনি সেনাবাহিনীর কোচ। আর বাংলাদেশ নারী ফুটবল দলের বর্তমান হাই প্রোফাইল কোচ ইংল্যান্ডের পিটার বাটলার।

সূত্র: ইত্তেফাক

টি-টোয়েন্টি অবসরের ঘোষণা দিলেন মাহমুদউল্লাহ

আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে অবসরের ঘোষণা দিলেন মাহমুদউল্লাহ রিয়াদ। ভারতের বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টির আগে ম্যাচ পূর্ববর্তী সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে অবসরের ঘোষণা দিলেন অভিজ্ঞ এ অলরাউন্ডার।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামের সংবাদ সম্মেলন মঞ্চ আগেই প্রস্তত ছিল। বাকি ছিল মাহমুদউল্লাহ রিয়াদের আসা। এরপর এলেনও তিনি। শুরুতেই জানিয়ে দিলেন টি-টোয়েন্টি সংস্করণ থেকে তার অবসরের সিদ্ধান্তের কথা।

চারপাশে চলমান আলোচনা যে মিথ্যে নয়, সেটাই শুরুতে জানিয়ে দিলেন ৩৯ ছুঁই ছুঁই এই অভিজ্ঞ ব্যাটার। ভারতের বিপক্ষে শেষ টি-টোয়েন্টি হবে তার ম্যাচ, ‘হ্যাঁ, সত্যিই আমি এই সিরিজের শেষ ম্যাচেই অবসর নিতেছি।’

১৭ বছরের আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্যারিয়ারের শুরুটা হয় কেনিয়ার বিপক্ষে। আর শেষ হচ্ছে ভারতের বিপক্ষে। এখন পর্যন্ত সর্বোচ্চ ১৩৯ আন্তর্জাতিক টি-টোয়েন্টি খেলেছেন মাহমুদউল্লাহ। ১১৭.৭৪ স্ট্রাইক রেটে রান করেছেন ২৩৯৫। তার গড় ২৩.৪৮। আর কোনো শতক না থাকলেও টি-টোয়েন্টিতে ৮ অর্ধশতক রয়েছে তার।

আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে বাংলাদেশকে সবচেয়ে বেশি ম্যাচে নেতৃত্ব দিয়েছেন তিনি। ২০১৮ থেকে ২০২২ সাল, এ চার বছরে ৪৩ ম্যাচে অধিনায়কত্ব করেন মাহমুদউল্লাহ। সংযুক্ত আরব আমিরাতে হওয়া ২০২১ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন তিনি। অধিনায়ক হিসেবে টি-টোয়েন্টিতে সবচেয়ে বেশি জয়ের রেকর্ড তার দখলে। তবে সে এককভাবে এ রেকর্ডের মালিক নয়। তার সমান ১৬টি করে জয় রয়েছে সাকিব আল হাসানেরও।

এর আগে ২০২১ সালে টেস্ট ক্রিকেট থেকে অবসর নেন মাহমুদউল্লাহ রিয়াদ। বেশ সাড়া ফেলে সেই অবসর। হারারে জিম্বাবুয়ের বিপক্ষে টেস্টের মাঝপতে সতীর্থরা গার্ড অব অনার দেন তাকে। যা দেখে অনেকে তার অবসরের বিষয়টি অনুমান করে নেন।

টি-টোয়েন্টি থেকে অবসরের ঘোষণায় কোনো নাটকীয়তা করেননি তিনি। আনুষ্ঠানিকভাবে জানালেন বিদায়। বুধবার (৯ অক্টোবর) দিল্লিতে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে ভারতের মুখোমুখি হবে বাংলাদেশ।

এই ম্যাচের আগে সংবাদ সম্মেলনে মাহমুদউল্লাহ অবসরের ঘোষণা দিলেন। ভারতের বিপক্ষে হায়দরাবাদে হওয়া সিরিজের তৃতীয় টি-টোয়েন্টি দিয়ে ইতি টানবেন ক্যারিয়ারের।

টেস্ট এবং টি-টোয়েন্টি থেকে অবসর নিলেও আন্তর্জাতিক ক্রিকেট ছাড়ছেন না মিডল অর্ডার এ ব্যাটার। চালিয়ে যাবে আন্তর্জাতিক

ওয়ানডে।

সূত্র: কালবেলা

টি-টোয়েন্টিকে বিদায় বলবেন মাহমুদউল্লাহ

ভারতের বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলছে বাংলাদেশ। সিরিজের প্রথম ম্যাচে স্বাগতিকদের কাছে হেরেছে টাইগাররা। দ্বিতীয় ম্যাচে বুধবার (৯ অক্টোবর) দিল্লীর অরুণ জেটলি স্টেডিয়ামে মাঠে নামবে দুই দল। এর আগে জানা গেল, ভারতের বিপক্ষে এই সিরিজ দিয়েই আন্তর্জাতিক টি-টোয়েন্টিকে বিদায় জানাবেন মাহমুদউল্লাহ রিয়াদ।

জানা গেছে, ২য় ম্যাচের আগে আজ মঙ্গলবার (৮ অক্টোবর) সংবাদ সম্মেলনে টি-টোয়েন্টি থেকে অবসরে যাওয়ার ঘোষণা দেবেন মাহমুদউল্লাহ।

গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনে থেকে জানা গেছে, ভারতের বিপক্ষে সিরিজের তৃতীয় টি-টোয়েন্টিই হতে চলেছে বাংলাদেশের জার্সিতে এ ফরম্যাটে মাহমুদউল্লাহর শেষ ম্যাচ। অভিজ্ঞ এই ক্রিকেটার বিসিবিকেও নিজের এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন বলে জানা গেছে।

২০০৭ সালের সেপ্টেম্বরে নাইরোবিতে কেনিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি অভিষেক। সেই থেকে বাংলাদেশের হয়ে এখন পর্যন্ত সর্বোচ্চ ১৩৯টি টি-টোয়েন্টি খেলেছেন মাহমুদউল্লাহ। ১১৭ দশমিক ৭৪ স্ট্রাইক রেটে রান করেছেন ২ হাজার ৩৯৫, গড় ২৩ দশমিক ৪৮।

পরবর্তীতে ২০১৮ থেকে ২০২২ সালের মধ্যে ৪৩টি টি-টোয়েন্টিতে বাংলাদেশ দলকে নেতৃত্ব দিয়েছেন তিনি, তার অধিনায়কত্বে বাংলাদেশ দল খেলেছে ২০২১ সালের আমিরাত বিশ্বকাপে। অধিনায়ক হিসেবে মাহমুদউল্লাহ জয় পেয়েছেন ১৬টি টি-টোয়েন্টি ম্যাচে, হার ২৬টিতে। অধিনায়ক মাহমুদউল্লাহর জয় সংখ্যা সাকিবের সমান হলেও সাকিব ১৬টি জয় পেয়েছেন তার চেয়ে কম (৩৯টি) ম্যাচে নেতৃত্ব দিয়ে।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহে কাবাডি ও দাবা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসুচি ২০২৪-২৫ এর আওতায় ঝিনাইদহে কাবাডি, দাবা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। জেলা ক্রীড়া অফিস কর্তৃক আয়োজিত এ প্রতিযোগিতা গতকাল রোববার বিকালে জালালপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। কোটচাঁদপুরের জালালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ আক্তার জাহানের সভাপতিত্বে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান সহ অন্যান্য নেতৃবৃন্দ। উল্লেখ্য, কোটচাঁদপুর উপজেলার ৬টি স্কুল দুটি প্রতিযোগিতায় অংশগ্রহন করেন।

বাফুফে নির্বাচনের ডামাডোল শুরু, তফসিল ঘোষণা

আগামী ২৬ অক্টোবর বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) নির্বাচন। সোমবার (৭ অক্টোবর) নির্বাচনের তফশিল ঘোষণা করা হয়েছে। মোট ২১টি পদে নির্বাচন হবে এবার। সভাপতি ১ জন, সিনিয়র সভাপতি ১ জন, সহ সভাপতি ৪ জন, সদস্য ১৫ জন নিয়ে মোট ২১ জন।

তফশিল অনুযায়ী, আগামী ৯, ১০ ও ১১ অক্টোবর মনোনয়নপত্র দেওয়া হবে। মনোনয়নপত্র জমার তারিখ নির্ধারণ করা হয়েছে ১৪ ও ১৫

অক্টোবর। আর যাচাই বাছাই করা হবে ১৬ অক্টোবর।

সভাপতি পদে ১ লাখ, সিনিয়র সহ-সভাপতি পদে ৭৫ হাজার, সহ-সভাপতি পদে ৫০ হাজার ও সদস্য পদে ২৫ হাজার টাকা মনোনয়ন পত্রের মূল্য নির্ধারণ করা হয়েছে।

আগামী ২৬ অক্টোবর ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে সকালে বাফুফের বার্ষিক সাধারণ সভা। ঐ দিন দুপুর ২-৬ টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। বাফুফে নির্বাচনে ভোটার সংখ্যা ১৩৩।

সূত্র: ইত্তেফাক

টস হেরে ব্যাটিংয়ে বাংলাদেশ

ভারতের বিপক্ষে তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে মাঠে নামছে বাংলাদেশ। রোববার (৬ অক্টোবর) গোয়ালিয়রের শ্রীমান্ত মাধবরাও সিন্ধিয়া ক্রিকেট স্টেডিয়াম টস জিতে বল করার সিদ্ধান্ত নিয়েছেন ভারতের অধিনায়ক সূর্যকুমার যাদব।

টি-টোয়েন্টিতে আগের ১৪ বারের দেখায় ভারত ১৩ ম্যাচে জিতেছে। বিপরীতে বাংলাদেশের জয় কেবল একটি। সান্ত্বনার সেই জয় এসেছিল দিল্লিতে। এবার গোয়ালিয়রে দ্বিতীয় জয়ের দেখা পেতে চায় টাইগাররা।

তিন পেসার নিয়ে একাদশ সাজিয়েছে বাংলাদেশ। মোস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদের সঙ্গে আছেন শরিফুল ইসলাম। এছাড়া একাদশে আছেন অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজ।

অন্যদিকে ভারতের হয়ে অভিষেক হচ্ছে পেসার মায়াঙ্ক যাদব ও মিডল অর্ডার ব্যাটার নীতিশ কুমারের। এছাড়া ৩ বছর পর টি–টোয়েন্টি দলে ফিরেছেন স্পিনার বরুণ চক্রবর্তী।

বাংলাদেশ একাদশ: পারভেজ হোসেন ইমন, লিটন দাস, নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), তাওহীদ হৃদয়, জাকের আলি অনিক, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান মিরাজ, রিশাদ হোসেন, মোস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদ, শরিফুল ইসলাম।

ভারত একাদশ: সাঞ্জু স্যামসন, অভিষেক শর্মা, সূর্যকুমার যাদব (অধিনায়ক), নিতিশ কুমার, হার্দিক পান্ডিয়া, রিয়ান পরাগ, রিংকু সিং, ওয়শিংটন সুন্দর, বরুণ চক্রবর্তী, আর্শদীপ সিং, মায়াঙ্ক যাদব।

সূত্র: ইত্তেফাক

দেশের সর্বকনিষ্ঠ আন্তর্জাতিক মাস্টার হলেন দাবাড়ু নীড়

আন্তর্জাতিক মাস্টার হয়েছেন বাংলাদেশের জাতীয় দাবা চ্যাম্পিয়ন মনন রেজা নীড়। শুক্রবার (৪ অক্টোবর) হাঙ্গেরির বুদাপেস্টে গ্র্যান্ডমাস্টারস দাবা টুর্নামেন্টে অষ্টম রাউন্ডে ভারতের আন্তর্জাতিক মাস্টার পান্ডা সাম্বিতকে হারিয়েছেন নীড়। এতে আট রাউন্ডে ছয় পয়েন্ট হওয়ায় একটি আন্তর্জাতিক মাস্টার নর্ম পেয়েছেন তিনি।

আন্তর্জাতিক মাস্টার হতে ২৪০০ রেটিং ও তিনটি নর্ম প্রয়োজন। নীড়ের রেটিং ইতোমধ্যে ২৪৫০। দুটি নর্ম আগেই ছিল নীড়ের। শুক্রবার তৃতীয় নর্ম পাওয়ায় আন্তর্জাতিক মাস্টার হওয়ার সকল শর্ত পূরণ করেছেন তিনি।

নীড়ের আন্তর্জাতিক মাস্টার হওয়ার বিষয়টি নিশ্চিত করে বাংলাদেশ দাবা ফেডারেশনের আরবিটার হারুন অর রশীদ বলেন, ‘আজকের জয়ের ফলে নীড় আরেকটি নর্ম অর্জন করে আন্তর্জাতিক মাস্টার হয়েছে।’

আন্তজার্তিক মাস্টার হওয়ার পথে গ্র্যান্ডমাস্টার নিয়াজ মোরশেদের রেকর্ড ভেঙেছে নীড়। নিয়াজকে ছাড়িয়ে তিনি এখন সর্বকনিষ্ঠ আন্তর্জাতিক মাস্টার। ১৫ বছর ৫ মাসে তিনি আন্তজার্তিক মাস্টার হয়েছিলেন নিয়াজ ।

অন্যদিকে ১৪ বছর ৩ মাসে আন্তর্জাতিক মাস্টার হওয়ার খেতাব অর্জন করেছেন নীড়। তাকে নিয়ে বাংলাদেশে এখন আন্তর্জাতিক মাস্টারের

সংখ্যা দাঁড়াল পাঁচ। বাকি চারজন জিল্লুর রহমান, আবু সুফিয়ান, মিনহাজ উদ্দিন, ফাহাদ রহমান।

সূত্র: ইত্তেফাক

দর্শনায় আবু সাঈদ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দর্শনা পৌরসভার ওয়ার্ড ভিত্তিক আবু সাঈদ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বিকাল ৪ টায় কেরুজ বাজার ফুটবল মাঠে আইডিয়াল ক্লাব আয়োজিত টুর্নামেন্টের ফাইনাল খেলায় হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপি প্রধান সমন্বয়ক ও জেলা বিএনপির অন্যতম সদস্য জননেতা হাবিবুর রহমান বুলেট।

এ সময় সংক্ষিপ্ত আলোচনা সভায় বিএনপি নেতা বুলেট বলেন, যুব সমাজের মনের ও শরীরের বিকাশ ঘটাতে হলে খেলাধুলার বিকল্প কিছু নেয়। দর্শনা সীমান্তবর্তী এলাকা হওয়ায় মাদকের কালো থাবায় যুব সমাজের একাংশ চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমাদের দর্শনায় যারা ক্রীড়া ও সাংস্কৃতিক মনা মানুষ রয়েছে তাদের কাছে আমাদের মত রাজনৈতিক ব্যক্তিদের আবেদন বর্তমান যুব সমাজকে বাঁচাতে হলে বিভিন্ন সময়ে এ ধরনের টুর্নামেন্টের মধ্য দিয়ে সকলকে খেলাধুলায় ব্যস্ত রাখতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির অন্যতম সমনায়ক নাহারুল ইসলাম মাস্টার, জেলা যুবদল নেতা নাসিরউদ্দিন খেদু, যুবদল নেতা সরোয়ার হোসেন, নাসির উদ্দিন খান হাসু, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মান্নান মাস্টার, রকিবুল হাসান ব্রাইট, মোস্তাফিজুর রহমান মোহন, রমিজ উদ্দিন, সাহারুল, মাসুদ, মমিন, সাঈদ, পলাশ আহমদ, অসীম, শোয়েব,

সামুাউল, বিদ্যুৎ, হোসাইন প্রমুখ। সমগ্র খেলাটি পরিচালনা করেন, আইডিয়াল ক্লাবের সভাপতি হাতেম আলী, মাঠ সভাপতি বাবর আলী ও টুর্নামেন্ট পরিচালক রাব্বি খান।